৩৭

দৈনিক বাংলা

তারিখ 28 SEP 1993
পৃষ্ঠা ৭২ কলাম ২

# চট্টগ্রাম ভার্সিটির ছাত্ররা এখন সমাবেশ করতে পারবে

স্টাফ রিপোর্টার : চট্টগ্রাম, ২৭ সেপ্টেম্বর।—চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে প্রায় দীর্ঘ দু'বছর ছাত্র রাজনীতি বন্ধ থাকার পর আজ অনুষ্ঠিত সিন্ডিকেটের সভায় তা শিথিল করা হয়েছে। সিন্ডিকেটের সিদ্ধান্ত মোতাবেক এখন থেকে সকল ছাত্র সংগঠন ক্যাম্পাসে সভা–সমাবেশ মিছিল করতে পরবে। তবে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের পূর্বানুমতি নিতে হবে। বিশ্ববিদ্যালয়ের ছাত্র সংগঠনসমূহের নেতৃবৃন্দের আলোচনার প্রেক্ষিতে প্রণীত আচরণ বিধিতে সামান্য সংশোধন করা হয়েছে। সংশোধিত আচরণ বিধির মধ্যে রয়েছে ক্যাম্পাসে কোন অছাত্র ছাত্র সংগঠনের নেতৃত্ব প্রদান করতে পারবে না। ক্যাম্পাসে পোস্টার, প্রচারপত্র লাগানো বা বিতরণ নিষিদ্ধ। সকল ছাত্রছাত্রীকে পরিচয়পত্র সাথে রাখতে হবে এবং ধর্মঘট আহ্বান করে প্রধান ফটকে তালা লাগিয়ে সাধারণ ছাত্রছাত্রীদের বাধা প্রদান করা যাবে না।

প্রায় দু'বছর যাবত চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে ছাত্ররাজনীতি বন্ধ রাখার ব্যাপারে বিশ্ববিদ্যালয় আচরণ বিধি মেনে চলার পর সম্প্রতি ছাত্র সংগঠনগুলো ক্যাম্পাসে রাজনৈতিক কর্মকান্ড চালানোর ব্যাপারে কর্তৃপক্ষের কাছে দাবী জানিয়ে আসছিল। এ উপলক্ষে গত সপ্তাহে বিশ্ববিদ্যালয় কর্তপক্ষ চাত্রনেতৃবৃন্দের সাথে আলোচনা সাপেক্ষে যে ঐকমত্য প্রতিষ্ঠিত হয় সে প্রেক্ষিতে বিশ্ববিদ্যালয় সিন্ডিকেট আজ তা অনুমোদন করেন।